প্রিয়াঙ্কার পাশে বলিউড

সম্প্রতি হলিউড ও বলিডের জনিপ্রয় তারকা প্রিয়াঙ্কা চোপড়া একটি টুইটকে ঘিরে বিতর্ক চরমে উঠে। সেই টুইটে প্রিয়াঙ্কা লেখেন, ‘জয় হিন্দ ইন্ডিয়ান আর্মড ফোর্স।’ এরপরেই প্রিয়াঙ্কার এই টুইটের কঠোর সমালোচনা করে পাক সরকার।

ভারতীয় বিমানবাহিনীর পক্ষে টুইট করায় প্রিয়াঙ্কা চোপড়াকে ইউনিসেফের শুভেচ্ছাদূতের দায়িত্ব থেকে বহিষ্কারের দাবি জানায় পাকিস্তান।

এর পাশাপাশি পাকিস্তানের মানবাধিকার মন্ত্রী শিরিন মাজারির অভিযোগ, প্রিয়াঙ্কা চোপড়া জাতিসংঘের শুভেচ্ছা দূত, তিনি কীভাবে এমন মন্তব্য করে অশান্তির ধোঁয়া ছড়াতে পারেন! এছাড়া ‘ইউনিসেফ’- এর পদ থেকে প্রিয়াঙ্কাকে সরিয়ে দেওয়ার দাবিও তোলেন তিনি।

এই পরিস্থিতিতে প্রিয়াঙ্কার পাশে দাঁড়িয়েছেন বলিউডের প্রথম সারির তারকা থেকে বিশিষ্টজনরা।

প্রিয়াঙ্কা চোপড়ার সমর্থনে মুখ খুলেন আয়ুষ্মান খুরানা। ‘অন্ধাধুন’ অভিনেতা বলেন, নিজের কাজ খুব ভালভাবেই জানেন প্রিয়াঙ্কা।

আয়ুষ্মান বলেন, ‘আন্তর্জাতিক অঙ্গনে আমাদের দেশের খুবই ভালভাবে প্রতিনিধিত্ব করছেন প্রিয়াঙ্কা। তিনি শুধু ভারতীয় নন, বরং তিনি একজন গ্লোবাল আইকন। একজন সেনা অফিসারের মেয়ে হয়ে কীভাবে ভারতের প্রতিনিধিত্ব করতে হয় তা ভালভাবেই জানেন প্রিয়াঙ্কা।’

শুধু আয়ুষ্মান নন, এর আগে জাভেদ আখতার ও কঙ্গনা রানাওয়াতকেও পাশে পান ‘দেশি গার্ল’। সূত্র: জিনিউজ